গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohpw.gov.bd

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলা এবং ফেনী জেলার সোনাগাজী উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন (এসএসইউডিপি): সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ" প্রকল্পের আওতায় জঙ্গল সলিমপুর এলাকার একশন প্ল্যান প্রণয়ণের লক্ষ্যে আন্ত: মন্ত্রণালয় সভার কার্যবিবরনী।

২৯ অক্টোবর ২০২৬

সভাপতি	মোঃ ওবায়দুর রহমান সচিব
সভার তারিখ	২৬.১০.২০২৬
সভার সময়	দুপুর ২.৩০ ঘটিকায়
স্থান	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	"পরিশিষ্ট-ক"।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির আহবানে উপসচিব (উপসচিব (পরিকল্পনা ও উন্নয়ন শাখা-২) সভার বিষয়বস্তু উপস্থাপন করেন। তিনি জানান চট্টগ্রাম জেলার জঙ্গল সলিমপুর এলাকার সার্বিক আইন- শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নের লক্ষ্য গত ০৮ অক্টোবর ২০২৬ তারিখ জনাব সালাহউদ্দিন আহমদ, মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। জঙ্গল সলিমপুরের সার্বিক উন্নয়নের লক্ষ্যে একটি সমন্বিত মাস্টারপ্ল্যান প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সেপ্রেক্ষিতে জঙ্গল সলিমপুর এলাকায় একশন প্ল্যান প্রণয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/সংস্থার জঙ্গল সলিমপুর কেন্দ্রিক গৃহীত ও প্রস্তাবিত ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাসমূহ পর্যালোচনার লক্ষ্যে আজকের আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করা হয়েছে। সভায় উপর্যুক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

২.০ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:

২.১ চট্টগ্রাম জেলার জঙ্গল সলিমপুর ইউনিয়ন চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের আওতাভুক্ত হওয়া সত্ত্বেও যেহেতু উল্লিখিত প্রকল্প প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে সেহেতু জঙ্গল সলিমপুর মৌজার কৌশলগত পরিকল্পনা নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত গৃহীত হয়। তবে তা ব্যতিক্রম হিসেবে বিবেচিত হবে এটাকে দৃষ্টান্ত হিসেবে উপস্থাপন করা যাবে না এবং পরবর্তীতে কোন উন্নয়ন কর্তৃপক্ষের আওতাভুক্ত এলাকায় নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক যে কোন প্রকার প্রকল্প গ্রহণ করা হতে বিরত থাকতে হবে;

২.২ যেহেতু চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের মাস্টারপ্ল্যান ডিসেম্বর/২০২৬ এ সমাপ্ত হবে সেহেতু নগর উন্নয়ন অধিদপ্তর অগ্রাধিকার ভিত্তিতে জঙ্গল সলিমপুর অংশের কৌশলগত পরিকল্পনা শেষ করে পৃথকভাবে দাখিল করবেন, যাতে করে তা চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের মাস্টারপ্ল্যানের অর্ন্তভুক্ত করে গেজেট প্রকাশ করা যায়;

২.৩ জঙ্গল সলিমপুর মৌজার ক্ষেত্রে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মাস্টারপ্ল্যানে যে প্রস্তবনা অন্তর্ভুক্ত করেছেন তা নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণীতব্য কৌশলগত পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে;

২.৪ জেলা প্রশাসন, চট্টগ্রামের সহিত সমন্বয়পূর্বক জেলা প্রশাসন চট্টগ্রাম হতে যে সকল প্রতিষ্ঠানের বিপরীতে খাস জমি বন্ধোবস্ত করবেন, কৌশলগত পরিকল্পনায় তা অন্তর্ভুক্ত করতে হবে;

২.৫ উপযুক্ত এলাকায় বিদ্যমান পাহাড়, বনভূমি যথাসম্ভব সংরক্ষণপূর্বক কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করতে হবে। পাহাড়, গেজেটেড বনভূমি বা সংরক্ষিত বনভূমিতে কোন পরিকল্পনা গ্রহণ করা যাবে না;

২.৬ প্রযোজ্য ক্ষেত্রে জরিপকার্য পরিচালনার লক্ষ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং সিভিল এভিয়েশনের পূর্বানুমোদন গ্রহন করতে হবে;

২.৭ কৌশলগত পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে উপযুক্ত এলাকার বিদ্যমান বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের (বাংলাদেশ সেনাবাহিনী, এসআরবিসহ অন্যান্য) সহিত সমন্বয় করে কার্য সম্পাদন করতে হবে।

৩.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

০৩-১১-২০২৬
মোঃ ওবায়দুর রহমান
সচিব
ফোন : ৫৫১০০৪৬৫
ইমেইল : secretary@mohpw.gov.bd

তারিখ: ১৮ কার্তিক ১৪৩৩ / ০৩ নভেম্বর ২০২৬

নম্বর: ২৫.০০.০০০০.০০০.১৩৪.১৪.০০০২.২৬.৬৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। সচিব, সচিবের দপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়।
৩। ভারপ্রাপ্ত সচিব, সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৪। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।
৫। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর।
৬। প্রধান স্থপতি, প্রধান স্থপতির দপ্তর, স্থাপত্য অধিদপ্তর।
৭। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, পরিবেশ অধিদপ্তর।
৮। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৯। পরিচালক (অতিরিক্ত সচিব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর।
১০। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
১১। প্রকল্প পরিচালক, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের মাস্টার প্ল্যান প্রণয়ন শীর্ষক প্রকল্প, চউক ভবন।
১২। প্রকল্প পরিচালক, চট্টগ্রাম জেলার সীমাকুন্ড উপজেলা এবং ফেনী জেলার সোনাগাজী উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন (এসএসইডিপি): সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ"" শীর্ষক প্রকল্প, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১৩। অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৪। যুগ্মসচিব, পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা-২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৬। একান্ত সচিব (উপসচিব), মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৭। সচিব-এর একান্ত সচিব (উপসচিব), সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

০৩-১১-২০২৬
মোঃ সিরাজুল ইসলাম
উপসচিব